মানিকগঞ্জে পুলিশ সুপার কাপ টেনিস টুর্নামেন্ট উদ্বোধন

মানিকগঞ্জ – মানিকগঞ্জে পুলিশ সুপার কাপ টেনিস টুর্ণামেন্ট শুরু হয়েছে।

আজ বৃহস্পতিবার(১৪ নভেম্বর)সন্ধ্যায় টেনিস মাঠে আয়োজিত এই টুর্নামেন্টের উদ্বোধন করেন পুলিশ সুপার মোঃ বশির আহমেদ।

এসময় আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোহাম্মদ ওয়ারেস, অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ ও অপারেশন) সুজন কুমার সরকার, মানিকগঞ্জ প্রেসক্লাবের আহবায়ক জাহাঙ্গীর আলম বিশ্বাস, জেলা ক্রীড়া সংস্থার সদস্য আব্দুল মোমিন, আসাদুজ্জামান খান দোলন, টেনিস ক্লাবের সহ-সভাপতি ফরহাদ খান, সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম, যুগ্ম সম্পাদক তানজিলুর ফারগানি তানজু প্রমুখ।

এই টুর্নামেন্টে আটটি দল অংশগ্রহণ করছে।